দৈনিক বাংলা

071

তারিখ 05 JUL 1987
পৃষ্ঠা ... ... কলাম ... ...

## অস্ত্রমুক্ত শিক্ষাঙ্গন কমিটির বৈঠক

ঢাকা, ৪ জুলাই।—শিক্ষাঙ্গনকে অস্ত্রমুক্ত করা সম্পর্কিত সংসদীয় কমিটি শনিবার এক সভায় বিশ্ববিদ্যালয়সহ দেশের শিক্ষাপ্রতিষ্ঠানের সার্বিক অবস্থা পর্যালোচনা করা হয়।

সংসদ ভবনের কমিটি রুমে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্বে নিযুক্ত উপ-প্রধানমন্ত্রী অধ্যাপক এম এ মতিনের সভাপতিত্বে

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

### বৈঠক

(১ম পৃঃ পর)

অনুষ্ঠিত এই বৈঠকে শিক্ষামন্ত্রী জনাব মাহবুবুর রহমান। সংসদের হুইপ এস এম কামসার, শিক্ষা উপমন্ত্রী জনাব গোলাম সারোয়ার বিরোধীদলের চীফ হুইপ জনাব আবদুল জলিল সৈয়দ আলতাফ হোসেন এমপি, জনাব মোঃ সামসুদ্দিন এমপি জনাব তোফায়েল আহমেদ এমপি জনাব মুজিবর রহমান এমপি জনাব মোহাম্মদ ফরহাদ এমপি, জনাব মজিবর রহমান মান্না এমপি জনাব মোহাম্মদ আলী এমপি এবং বেগম পারভীন মনোয়ার এমপি আলোচনায় অংশগ্রহণ করেন।

স্বরাষ্ট্র সচিব জাতীয় সংসদ সচিব শিক্ষা সচিব ও সংশ্লিষ্ট বিভিন্ন দফতরের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ বৈঠকে উপস্থিত ছিলেন।

কমিটির সদস্যরা শিক্ষাঙ্গনের শান্তিপূর্ণ পরিবেশের ক্রমাবনতিতে উদ্বেগ প্রকাশ করেন।

কমিটির আহবায়ক স্বরাষ্ট্র মন্ত্রী শান্তিপূর্ণ শিক্ষাঙ্গণ নিশ্চিত করার আন্তরিক অবদান রাখা ও সুস্পষ্ট এবং সুচিন্তিত সুপারিশ নিয়ে এগিয়ে আসার জন্যে কমিটির সভ্যদের প্রতি আহ্বান জানান।

তিনি বলেন শিক্ষাঙ্গণে শান্তি বজায় রাখতে সরকার দৃঢ়সংকল্প কারণ কোন সরকারই জ্ঞানার্জনের পবিত্র অঙ্গনকে অস্ত্রধারী সন্ত্রাসবাদীদের অভয়াশ্রমে পরিণত হতে দিতে পারে না।

ভিসি'র আশ্বাস

## ভার্সিটিতে ছাত্র বেতন ও সীট ভাড়া বাড়বে না

(স্টাফ রিপোর্টার)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর আবদুল মান্নান বলেছেন, বিশ্ববিদ্যালয়ে ছাত্র বেতন ও হলে সীটভাড়া বাড়ানো হবে না। বরং বিশ্ববিদ্যালয়ে অবৈতনিকভাবে পড়ানোর বিষয় বিবে

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

### ভাড়া বাড়বে না

(প্রথম পৃঃ পর)

না করা হচ্ছে।

ভাইস চ্যান্সেলর গতকাল তার ার্যালয়ে সমবেত জাতীয় ছাত্রলীগ র্মীদের উদ্দেশে একথা বলেন।

র আগে ছাত্রলীগের পক্ষ থেকে াইস চ্যান্সেলরকে একটি স্মারক লিপি দেয়া হয়। এতে বিশ্ববিদ্যায় বাজেট উপদেষ্টা কমিটির সুপারিশ অনুসারে ছাত্র বেতন ও হলের সীটভাড়া বৃদ্ধি না করার াবী জানানো হয়।